দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 MAR 2016
পৃষ্ঠা ৭ কলাম 2

# আক্কেলপুরে কক্ষের অভাবে গাছতলায় পাঠদান

**নিজস্ব সংবাদদাতা, ১৭ মার্চ, জয়পুরহাট ॥** আক্কেলপুর উপজেলার পুনঘরদীঘি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণীকক্ষের অভাবে গাছতলায় পাঠদান করানো হচ্ছে। প্রয়োজনীয় শ্রেণীকক্ষ না থাকায় দীর্ঘ চার বছর ধরে এভাবেই বিদ্যালয়টিতে পাঠদান চলছে। বিদ্যালয় সূত্রে জানা যায়, ১৯২১ সালে এই বিদ্যালয়টি প্রতিষ্ঠার পর তিন কক্ষের একটি ভবন ছিল। সেই ভবনটি জীর্ণ হওয়ায় পরিত্যক্ত ঘোষণা করে স্থানীয় প্রশাসন। ২০১১ সালের ২৮ অক্টোবর প্রতিষ্ঠাকালীন ভবনটি ভেঙ্গে ফেলা হয়। এর পর বিদ্যালয় মাঠে পুরাতন টিন দিয়ে একটি ঘর নির্মাণ করা হয়। সেই কক্ষে শিশু ও প্রথম শ্রেণীর পাঠদান করানো হচ্ছে। দ্বিতীয় শ্রেণীর শিক্ষার্থীদের কক্ষ না থাকায় তাদের গাছতলায় পাঠদানের ব্যবস্থা করা হয়। প্রধান শিক্ষক জামাল উদ্দিন বলেন, বিদ্যালয়টিতে ১৫৭ জন শিক্ষার্থী রয়েছে। প্রয়োজনীয়সংখ্যক শ্রেণীকক্ষ না থাকায় গত চার বছর ধরে গাছতলায় পাঠদান করাতে হচ্ছে। এতে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ইউপিইও) নাদিরুজ্জামান বলেন, নতুন একটি ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্টদের জানানো হলেও এখন পর্যন্ত কোন নির্দেশনা আসেনি।

পুনঘরদীঘি প্রাথমিক বিদ্যালয়